সরকারি প্রতিষ্ঠান কোড-০৮০২ মাদ্রাসা কোড-১৮৬৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট

**প্রতিষ্ঠা: ১৯১৩ ইআইএন নং: ১৩০৪৩৯ ফোন : +৮৮০২৯৯৬৬৩৪৩০৩**
**www.sylgovaliamadrasa.edu.bd, e-mail: govtaliasyl@gmail.com**

স্মারক: সআমাসি/২৪/ তারিখ : ২৫/০৭/২০২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি (সংশোধিত)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট-এ আলিম ১ম বর্ষে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তারিখ ও সময়সূচী অনুসারে নির্ধারিত ফি ও নিম্নলিখিত কাগজপত্র জমা দিয়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া গেল। **ভর্তির তারিখ : ১৫/০৭/২০২৪ খ্রি. রাত ১২:০১ থেকে ০১/০৮/২০২৪ খ্রি. পর্যন্ত।**

## একাদশ শ্রেণীর অনলাইন ভর্তি নির্দেশনা

**ধাপ-১।** মাদ্রাসার ওয়েবসাইট (https://sylgovaliamadrasa.edu.bd/) এ গিয়ে “**ভর্তির তথ্য**” বাটনে ক্লিক করতে হবে। তারপর নিম্নক্ত লিঙ্কে ক্লিক করতে হবে, অথবা সরাসরি এডমিশন লিংক (https://academyims.com/application/2301232) এ প্রবেশ করতে হবে।

**ধাপ-২।** সার্চ বক্সে এসএসসির রোল নম্বর লিখে সার্চ করতে হবে। সার্চ করার পর ভর্তির আবেদন ফর্ম আসবে।

**ধাপ-৩।** আবেদন ফর্ম এর সকল তথ্য সঠিক ভাবে পূরণ করে Apply For Admission এ ক্লিক করে আবেদন শেষ করতে হবে।

**ধাপ-৪।** আবেদন প্রক্রিয়া শেষ করার পর এই ধাপে শিক্ষার্থীদের প্রদত্ত সকল তথ্য ও আবেদনের আইডি দেখাবে। যেখানে সকল তথ্য পুনরায় যাচাই করে নিতে হবে। যদি কোন তথ্য ভূল থাকে তাহলে এডিট বাটনে ক্লিক করে তথ্য আপডেট করা যাবে। ( নোটঃ পেমেন্ট করে দিলে তথ্য আপডেট করা যাবে না। )

**ধাপ-৪।** চতুর্থ ধাপে সকল তথ্য যাচাই করা হয়ে গেলে পেমেন্ট বাটনে ক্লিক করে পেমেন্ট গেটওয়ে থেকে পছন্দের পেমেন্ট ম্যাথড সিলেক্ট করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

**ধাপ-৫।** পেমেন্ট করার পর রিভিউ এবং পেমেন্ট অপশনে আবেদন আইডি দিয়ে সার্চ করে পেমেন্ট ইনভয়েস এবং আবেদন ফর্ম টি প্রিন্ট করা যাবে।

**সহায়ক ভিডিও টিউটরিয়াল : https://youtu.be/Fqo8zS29_3I**

### আবেদনপত্রের সাথে অফিসে যা যা জমা দিতে হবে:

(১) দাখিল পরীক্ষার প্রবেশপত্র, মার্কসিট ও রেজিস্ট্রেশন এর মূলকপি;
(২) দাখিল পাসের মূল প্রশংসাপত্র;
(৩) ভর্তিচ্ছুক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;
(৪) পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
(৫) টুপি/ওড়না পরিহিত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি;
(৬) ভর্তিচ্ছুক শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট এবং মোবাইল ব্যাংকিং নিবন্ধিত (Nagad/নগদ) মোবাইল নাম্বার।
(৭) অনলাইন আবেদনের প্রিন্ট কপি ও পেমেন্ট স্লিপ এর প্রিন্ট কপি।

(প্রফেসর মুহাম্মদ মাহমুদুল হাসান)
আইডি-৪০৫৩
অধ্যক্ষ
সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/১২৯৯

তারিখঃ ২৪/০৭/২০২৪

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির সময়সীমা বৃদ্ধি ও ক্লাস শুরু প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের কলেজে ভর্তি কার্যক্রম অনিবার্য কারণ বশতঃ বন্ধ আছে। দেশের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উক্ত ভর্তি কার্যক্রমের সময়সীমা আগামী **২৮/০৭/২০২৪ তারিখ থেকে ০১/০৮/২০২৪ তারিখ** পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।

উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস আগামী ০৬/০৮/২০২৪ তারিখ (মঙ্গলবার) শুরু হবে।

28/07/2024

**প্রফেসর তপন কুমার সরকার**
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ +৮৮ ০২ ৯৬১৫২৩৫

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক,**
উচ্চমাধ্যমিক পর্যায়ের দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান।